(একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত হবে)

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

## কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ম্যানেজমেন্ট কমিটির ৯২ তম সভার কার্যবিবরণী

কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ম্যানেজমেন্ট কমিটির ৯২তম সভা ২৪.০৫.২০১৮ খ্রি. বিকাল ০২.০০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব মোহাম্মদ মহসীন, মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ম্যানেজমেন্ট কমিটির সদস্য সচিব মীর নূরুল আলম, পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং আলোচ্যসূচি আনুযায়ী আলোচনা শুরু করেন।

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| আলোচ্যসূচি ঃ ১ বিগত ০২.০৪.২০১৮ খ্রি. অনুষ্ঠিত ৯১তম সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | সদস্য সচিব বিগত ০২.০৪.২০১৮খ্রি. অনুষ্ঠিত ৯১তম সভার কার্যবিবরণী দৃঢ়িকরণের লক্ষ্যে সভায় উপস্থাপন করেন। তিনি জানান যে, কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের কাজের অগ্রগতি বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর বিগত সভার আলোচ্য সূচি-২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ও ১০ এর সিদ্ধান্ত আংশিক সংশোধন সাপেক্ষে কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | ৯১তম সভার কার্যবিবরণীর আলোচ্য সূচি-২, ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ও ১০ এর সিদ্ধান্ত আংশিক সংশোধন সাপেক্ষে দৃঢ়িকরণ করা হয়। | পরিচালক, সংশ্লিষ্ট উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ২ খামারবাড়ি কমপ্লেক্সে পূবালী ব্যাংকের এটিএম বুথ স্থাপন। | এ বিষয়ে অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা অঞ্চল, ঢাকা, ব্যাংক কর্তৃপক্ষ ও নিম্নোক্ত কমিটি সম্ভাব্যতা সমীক্ষা করে ডিএই-কে অবহিত করবে–<br>কমিটি নিম্নরুপ ঃ<br>১) পরিচালক প্রশাসন ও অর্থ উইং- আহবায়ক<br>২) প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প- সদস্য<br>৩) উপপরিচালক (রপ্তানী), উদ্ভিদ সংগনিরোধ উইং-সদস্য<br>৪) উর্দ্ধত্বন উৎপাদন অর্থনীতিবিদ, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং-সদস্য<br>৫) নির্বাহী প্রকৌশলী, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং-সদস্য<br>কমিটি ০৭ দিনের মধ্যে পূবালী ব্যাংকের এটিএম বুথ স্থাপন করার বিষয়ে সম্ভাব্যতা যাচাই করে মহাপরিচালক, ডিএই বরাবর রিপোর্ট পেশ করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে কর্মকর্তা |
|---|---|---|---|
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৪ চলমান প্রকল্পের কার্যক্রম মনিটরিং, প্রস্তাবিত প্রকল্পের ফিজিবিলিটি স্টাডির নিমিত্ত পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এ ভ্রমণ ভাতা প্রদান। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং চলতি অর্থ বছরে ভ্রমণভাতা বরাদ্দ প্রদানসহ আগামী অর্থ বছর থেকে ফিজিবিলিটি স্টাডির নিমিত্ত ৪৮৮৬ (জরিপ) কোডে অর্থের সংস্থান করার বিষয়ে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৫ | খামারবাড়ি কমপ্লেক্সে সকল ফ্লোরে লিখিত সাইন বোর্ড মুছে ফেলতে হবে। কৃষি মন্ত্রণালয়ের আদলে প্রত্যেক ফ্লোরে বোর্ড স্থাপন করতঃ বোর্ডে ফ্লোর ভিত্তিক তথ্য লিপিবদ্ধ করা সহ খামারবাড়ির শোভাবর্ধনের জন্য নিম্নোক্ত কমিটি এ বিষয়ে কাজ করবে-<br>১। পরিচালক, হর্টিকালচার উইং- আহবায়ক<br>২। অতিরিক্ত পরিচালক (অর্থকরী ফসল), ক্রপস্ উইং-সদস্য<br>৩। প্রকল্প পরিচালক, আইএফএমসি, খামারবাড়ি, ঢাকা-সদস্য<br>৪। উপপরিচালক (লিগ্যাল সাপোর্ট এন্ড সার্ভিসেস)-সদস্য<br>৫। উপপরিচালক (বালাইনাশক ও মাননিয়ন্ত্রন), উদ্ভিদ সংরক্ষণ উইং-সদস্য<br>৬। উপপরিচালক (উচ্চতর শিক্ষা ও বিদেশ প্রশিক্ষণ), প্রশিক্ষণ উইং-সদস্য<br>৭। মোঃ জহিরুল হক, মাশরুম উন্নয়ন কর্মকর্তা, সংযুক্ত ঃ হর্টিকালচার উইং, খামারবাড়ি, ঢাকা- সদস্য। | পরিচালক, হর্টিকালচার উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৬ উদ্ভিদ সংরক্ষণ উইং ও উদ্ভিদ সংগনিরোধ উইং এ টয়লেট নির্মাণ। | খামারবাড়ি কমপ্লেক্সের নির্মান শৈলী অটুট রেখে নির্বাহী প্রকৌশলী এ বিষয়ে তড়িৎ ব্যবস্থা নিবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৭ কন্ট্রোল রুমের অবকাঠামোগত সুবিধা বৃদ্ধিকরণ। | খামার বাড়িতে বিদ্যমান গাড়ীসমূহের হিসাব চুড়ান্তকরণ করে অগ্রাধিকার ভিত্তিতে কন্ট্রোল রুমে একটি গাড়ীর ব্যবস্থা করার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, সরেজমিন উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৮ আইবাস (ibas++) এন্ট্রি সংক্রান্ত | চলতি অর্থ বছরের আইবাস (ibas++) দ্রুততম সময়ের মধ্যে এন্ট্রি সম্পন্ন করতে হবে। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ৯ খামারবাড়িতে বিদ্যুত, পানি, ইন্টারনেট ও ওয়াইফাই সুবিধা বৃদ্ধিকরণ সংক্রান্ত | ১) বিদ্যুতের ট্রান্স ফার্মার বসানোর জন্য নার্সারির পার্শ্বে দুই তলা সেড নির্মাণ করা যেতে পারে। এ বিষয়ে নির্বাহী প্রকৌশলী সম্ভাব্যতা যাচাই করে প্রতিবেদন দেবেন।<br>২) ৩১.০৫.২০১৮ তারিখের মধ্যে ইন্টারনেট গতি ও ওয়াইফাই সুবিধা নিশ্চিত করতে হবে।<br>২) উপপরিচালক আইসিটি ব্যবস্থাপনা পিডিএস ফর্ম রিভাইভ (পুনঃরুদ্ধার) করার প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং ও পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৯১তম সভার আলোচ্যসূচি ঃ ১০ কর্মকর্তা ও কর্মচারীদের সময়মত অফিসে উপস্থিতি নিশ্চিতকরণ। | ১) ডিএই'তে উইং ভিত্তিক ডিজিটাল হাজিরার বিষয়ে প্রস্তুতি গ্রহণ করতে হবে।<br>২) অফিস সময়কালে উপস্থিতি নিশ্চিত করতে ১টি চিঠি ইস্যু করতে হবে।<br>৩) স্ব স্ব উইং পরিচালকের Leave Statement যা প্রতি মাসের ২০ তারিখে প্রণীত হয় ইহা ব্যাতিরেকে বেতন ভাতা বিল প্রণয়ন করে এজি অফিসে না পাঠানোর সিদ্ধান্ত গৃহিত | পরিচালক (সকল উইং) |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | | হয়।<br>পরিচালক, প্রশাসন ও অর্থ উইং বিষয়টি সমন্বয় করবেন। | |
| আলোচ্যসূচি ঃ ২<br>ক্যাডার কম্পোজিশন রুলস সংশোধন সংক্রান্ত | সভায় ক্যাডার কম্পোজিশন রুলস প্রণয়ন সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ক্যাডার কম্পোজিশন রুলস প্রণয়ন সংক্রান্ত বিষয়ে নিম্নরুপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়-<br>১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং- সভাপতি<br>২। অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং উইং-সদস্য<br>৩। অতিরিক্ত পরিচালক (কারিকুলাম ডেভেঃ এন্ড এডুকেশন), প্রশিক্ষণ উইং উইং-সদস্য<br>৪। উপপরিচালক (রপ্তানি), উদ্ভিদ সংগনিরোধ উইং-সদস্য<br>৫। প্রকল্প পরিচালক, কৃষক পর্যায়ে ডাল, তেল ও মসলা বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ প্রকল্প- সদস্য<br>৬। অতিরিক্ত উপপরিচালক (পার্সোনেল), প্রশাসন ও অর্থ উইং উইং-সদস্য<br>৭। উপপরিচালক (পার্সোনেল)- সদস্য সচিব।<br>কমিটি ক্যাডার কম্পোজিশন রুলস প্রণয়ন সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় কাজ করবেন। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| আলোচ্যসূচি ঃ ৩<br>ম্যানেজমেন্ট কমিটির ৯০তম সভার "ডিএই'র সদর দপ্তরে ইন্টারনেট ও ওয়াইফাই সংক্রান্ত গঠিত কমিটির পূনঃগঠন | ডিএই'র সদর দপ্তরে ইন্টারনেট ও ওয়াইফাই সংক্রান্ত গঠিত কমিটির পূনঃগঠন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | ইন্টানেট ও ওয়াই ফাই ব্যবস্থাপনা সংক্রান্ত বিষয়ে নিম্নরুপ কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>ক) পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং- সভাপতি<br>খ) অতিরিক্ত পরিচালক (অর্থকরী ফসল), ক্রপস উইং-সদস্য<br>গ) অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং-সদস্য<br>ঘ) অতিরিক্ত পরিচালক (মনিটরিং), সরেজমিন উইং-সদস্য<br>ঙ) অতিরিক্ত পরিচালক, আইসিটি ব্যবস্থাপনা-সদস্য সচিব।<br>এছাড়া ইন্টারনেট স্পিড জটিলতা নিরসনে ও ibass++ সুষ্ঠুভাবে সম্পাদনে ৪টি হাই কনফিগারেশন কম্পিউটার ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং এবং পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| আলোচ্যসূচি ঃ ৪<br>শুন্য পদে পদায়ন | সভায় ডিএই'র সদর দপ্তর ও মাঠ পর্যায়ে শুন্য পদে কর্মকর্তা কর্মচারী পদায়ন করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | শুন্যপদে জনবল পদায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| আলোচ্যসূচি ঃ ৫<br>হর্টিকালচার সেন্টারের খাস জমি লিজ সংক্রান্ত | পরিচালক, হর্টিকালচার উইং জানান ডিএই'র ৭৬টি হর্টিকালচার সেন্টারের মধ্যে বেশ কিছু সেন্টারের জমি সরকারের ১নং খতিয়ানভুক্ত। ১নং খতিয়ানভুক্ত খাসজমি সরকারের নিকট থেকে দীর্ঘ মেয়াদি লিজ নেওয়া না হলে জমিগুলো বেহাত হওয়ার সম্ভাবনা রয়েছে। | হর্টিকালচার সেন্টারের খাস খতিয়ানভুক্ত জমিসমূহ লিজ নেওয়ার জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলোঃ<br>১) অতিরিক্ত পরিচালক (সংশ্লিষ্ট অঞ্চল)- সভাপতি<br>২) উপপরিচালক,(সংশ্লিষ্ট জেলা)-সদস্য<br>৩) উপপরিচালক, সংশ্লিষ্ট হর্টিকালচার সেন্টার/দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা-সদস্য সচিব<br>কমিটি জেলা প্রশাসকের সাথে সমন্বয় সাধন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। | পরিচালক, হর্টিকালচার উইং |
| আলোচ্যসূচিঃ ৬<br>হর্টিকালচার উইং হতে গ্রহণকৃত ৭০ লক্ষ টাকা ফেরৎ | সভায় হর্টিকালচার উইং হতে পরিচালক, প্রশাসন ও অর্থ উইং কর্তৃক গ্রহণকৃত ৭০ লক্ষ টাকা হর্টিকালচার উইং-কে ফেরৎ দেওয়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | চলতি অর্থবছরে হর্টিকালচার উইং-কে ৭০ লক্ষ টাকা ফেরৎ দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| আলোচ্যসূচিঃ ৭<br>কর্মকর্তা কর্মচারীদের | সভায় ডিএই'র কর্মকর্তা কর্মচারীদের জন্য চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্লান তৈরি, বাজেট | ১)কর্মকর্তা কর্মচারীদের জন্য চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্লান তৈরি, বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে অঞ্চলভিত্তিক কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্ত... কর্মকর্তা |
|---|---|---|---|
| চাহিদাভিত্তিক প্রশিক্ষণ প্লান, বাজেট তৈরি ও বাস্তবায়ন | প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | | বাস্তবায়ন ও আইসিটি উইং এবং পরিচালক প্রশিক্ষণ উইং |
| আলোচ্যসূচি ঃ ৮ এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাষ্টার প্লান তৈরি ও এপিএ বাস্তবায়ন | সভায় এসডিজি লক্ষ্যমাত্রা অর্জনে মাষ্টার প্লান তৈরি ও এপিএ বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উইং ভিত্তিক এসডিজি বাস্তবায়ন বিষয়ে উন্নয়ন প্রকল্পের মাধ্যমে স্বল্প, মধ্য ও দীর্ঘ্য মেয়াদী পরিকল্পনা প্রণয়ন করে মাঠ পর্যায়ে তাহা বাস্তবায়ন করতে হবে। এছাড়া রেভিনিউ কার্যক্রমেও এসডিজি বাস্তবায়নের বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।<br>২) এপিএ প্রণয়ন ও বাস্তবায়নে বটম আপ প্ল্যান কার্যকরী করতে হবে। | পরিচালক, সকল উইং |
| আলোচ্যসূচি ঃ ৯ পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং শক্তিশালীকরণ | পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং শক্তিশালীকরণ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। | পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং শক্তিশালীকরণ করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। | পরিচালক, প্রশাসন ও অর্থ উইং ও পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| আলোচ্যসূচি ঃ ১০ কুমিল্লা-তে জাতীয় কৃষক প্রশিক্ষণ ইনষ্টিটিউট স্থাপন | সভায় দেশের মধ্য অঞ্চলে একটি জাতীয় কৃষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের ওপর বিস্তারিত আলোচনা হয়। | টাঙ্গাইল জেলায় একটি জাতীয় কৃষক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নিমিত্ত কনসেপ্ট পেপার প্রস্তুত করে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং এবং পরিচালক, প্রশিক্ষণ উইং |
| আলোচ্যসূচি ঃ ১১ বিবিধ | ১) সভায় ডিএই'র কম্পিউটারসমূহের টিওএন্ডই ভূক্ত করণের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ডিএই'র কম্পিউটারসমূহের টিওএন্ডই ভূক্ত করণের জন্য একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>কমিটি নিম্নরুপ ঃ<br>১) জনাব মোঃ রাকিবুজ্জামান খান, অতিরিক্ত উপপরিচালক (মহাপরিচালকের একান্ত সচিব)-আহবায়ক<br>২) জনাব আরিফ মোহাম্মদ মোজাক্কের, উপজেলা কৃষি অফিসার (এলআর)-সদস্য<br>৩) স্টোর অফিসার -সদস্য। | অতিরিক্ত পরিচালক, প্রশাসন ও অর্থ উইং |
| | ২) মাঠ পর্যায়ে উপপরিচালক ও অতিরিক্ত পরিচালকগণের অফিস ভবন নির্মাণের ওপর ও গাড়ী ক্রয় সংক্রান্ত বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া মহাপরিচালকের অব্যবহৃত বাঙলোতে অফিসার ডরমেটরী ও কর্মকর্তা কর্মচারীদের জন্য বহুতল ভবন নির্মাণের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ১) জেলা ও অঞ্চলে অফিস ভবন নির্মাণ ও গাড়ী ক্রয়ের সংস্থান রেখে একটি প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।<br>২) মহাপরিচালকের অব্যবহৃত বাঙলোতে অফিসার ডরমেটরী ও কর্মকর্তা কর্মচারীদের জন্য বহুতল ভবন নির্মাণের ওপর একটি প্রকল্প প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং |
| | ৩) সভায় কৃষি ক্যাডারের ৩৬তম ব্যাচের যে সব কর্মকর্তা শিঘ্রই ডিএই'তে যোগদান করবেন তাঁদের জন্য ওরিয়েন্টেশন করার বিষয়ে আলোচনা করা হয়। | কৃষি ক্যাডারের নিয়োগতব্য ৩৬তম ব্যাচের কর্মকতাদের জন্য ০৫ দিনের ওরিয়েন্টেশন কার্যক্রম সম্পাদনের যাবতীয় ব্যবস্থা সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | পরিচালক, প্রশিক্ষণ উইং |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|
| | ৪) সভায় ই-ফাইলিং এর অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | প্রত্যেক উইং-এ কমপক্ষে ৭টি চলমান ফাইল ই-ফাইলে অন্তর্ভূক্ত করে কার্যক্রম শুরু করতে হবে। | পরিচালক (সকল) |
| | ৫) সভায় ম্যানেজমেন্ট কমিটির ৮৯তম সভার কার্যবিবরণীর আলোচ্য সূচি-৩ এ হর্টিকালচার উইং এর অনিয়মিত শ্রমিক নিয়মিতকরণ সংক্রান্ত সিদ্ধান্ত সংশোধনের ওপর গুরুত্ব আরোপ করা হয়। | ম্যানেজমেন্ট কমিটির ৮৯তম সভার কার্যবিবরণীর আলোচ্য সূচি-৩ এর সিদ্ধান্ত আংশিক সংশোধন করে হর্টিকালচার উইং এবং প্রশিক্ষণ উইং এর অনিয়মিত শ্রমিক নিয়মিতকরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য নিম্নরুপ কমিটি গঠন করা হলো-<br>ক) পরিচালক, প্রশাসন ও অর্থ উইং-সভাপতি<br>খ) পরিচালক, প্রশিক্ষণ উইং-সদস্য<br>গ) পরিচালক, হর্টিকালচার উইং-সদস্য সচিব।<br>কমিটি অনিয়মিত শ্রমিক নিয়মিত করার বিধি/নীতিমালা অনুসরণ ও পদমঞ্জুরী সাপেক্ষে শুন্য পদে প্রয়োজনীয় সংখ্যক অনিয়মিত শ্রমিক নিয়মিতকরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহিত হয়। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

(মোহাম্মদ মহসীন)
মহাপরিচালক
এবং
সভাপতি, ম্যানেজমেন্ট কমিটি

স্মারক নং-১২.১৬.০০০০.০২৫.১৬.৪১.২০১৫(পার্ট-২) ৪৯৬(১১)

তারিখ ঃ ১১জুন ২০১৮ খ্রি.

অনুলিপি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পরিচালক, প্রশাসন ও অর্থ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
২। পরিচালক, প্রশিক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৩। পরিচালক, সরেজমিন উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৪। পরিচালক, হর্টিকালচার উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৫। পরিচালক, উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৬। পরিচালক, উদ্ভিদ সংগনিরোধ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৭। পরিচালক, ক্রপস্ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
৮। উপপরিচালক, আইসিটি ব্যবস্থাপনা, ডিএই, খামারবাড়ি, ঢাকা। আপনাকে কার্যবিবরণীটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৯। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, ডিএই, খামারবাড়ি, ঢাকা
১০। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা
১১। অফিস কপি।

(মীর নূরুল আলম)
পরিচালক
পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং
এবং
সদস্য সচিব
ম্যানেজমেন্ট কমিটি